



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

Bangladesh Open University

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫ ফোন-৯২৯১১১৯



প্রেস রিলিজ

তারিখ: ২০ আগস্ট ২০২১

ঢাকায় বাউবির মিডিয়া স্টুডিও কার্যক্রম উদ্বোধন

দূরশিক্ষণে মিডিয়া প্রযুক্তির ব্যবহার অপরিহার্য

উপাচার্য, বাউবি



দূরশিক্ষণে মিডিয়া প্রযুক্তির ব্যবহার এখন অপরিহার্য। শিক্ষার্থীর কাছে গণমুখী, কর্মমুখী, জীবনব্যাপী ও সহজলভ্য শিক্ষা পৌঁছে দিয়ে দক্ষ জনসম্পদ গড়ে তোলা সম্ভব। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ঢাকা আঞ্চলিক কেন্দ্রে নবনির্মিত মিডিয়া স্টুডিওর কার্যক্রম আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করে আজ ২০ আগস্ট ২০২১ শুক্রবার সকাল ১১:০০টায় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার এ কথা বলেন।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষে শোকাবহ আগস্ট মাসে ৪৬তম শাহাদতবার্ষিকীতে “বঙ্গবন্ধুর লেখা গ্রন্থ ও ভাষণের উদ্ভৃতি নিয়ে আলোচনা” অনুষ্ঠান ধারণের মাধ্যমে স্টুডিওটির আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়। এ সময় বাউবির প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন ও ইউজিসি অধ্যাপক ড. ফকরুল আলম, পরিচালক, বঙ্গবন্ধু শেখ মুজিব রিসার্চ ইনস্টিটিউট ফর পিস অ্যান্ড লিবার্টি, ঢাকা বিশ্ববিদ্যালয়, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম, মিডিয়া বিভাগের পরিচালক প্রকৌশলী এসএম কেলামত আলী ও তথ্য ও গণসংযোগ বিভাগের পরিচালক মোঃ আবুল কাসেম শিখদার উপস্থিত ছিলেন।

ঢাকা আঞ্চলিক কেন্দ্রে স্থাপিত স্টুডিওর মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক প্রোগ্রাম নির্মাণের কাজ আরো ত্বরান্বিত হ'ল।

মোঃ আবুল কাসেম শিখদার

(মোঃ আবুল কাসেম শিখদার)

পরিচালক

তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি।

মোবাইল নং- ০১৭১১১৫৭২৩৬

প্রাপকঃ বার্তা সম্পাদক